২৩

দৈনিক সংবাদ

তারিখ 23 APR 1998
পৃষ্ঠা ১২ কলাম ৬

# আজ বিশ্ব গ্রন্থ দিবস

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ ২৩শে এপ্রিল বিশ্ব গ্রন্থ দিবস। বই পড়ার প্রতি গুরুত্ব প্রদান এবং দৈনন্দিন জীবনে বইয়ের প্রয়োজনীয়তা তুলে ধরার লক্ষ্যেই বিশ্বব্যাপী এই দিনটি পালিত হবে। বই শেখায় এবং আনন্দ দেয়– এই বিষয়টির প্রতি অধিক গুরুত্ব প্রদান করে দিবসটি। বিশ্ব গ্রন্থ দিবস উদযাপনে আজ দিনব্যাপী কর্মসূচি দিয়েছে বৃটিশ কাউন্সিল। দ্য বুক ওয়ার্মের স্পন্সরে বৃটিশ কাউন্সিল তাদের ঢাকা ও চট্টগ্রাম গ্রন্থাগারে এবং রাজশাহীর প্রাইমারি এডুকেশন রিসোর্স সেন্টারে বই প্রদর্শনী, কমিশনে বই বিক্রি এবং বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করেছে।